

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَّارَةِ)

পরিচ্ছেদঃ লোকজন জুমু'আর দিন তাদের কাজের পোশাক পরিধান করে আসতো, এই জন্য তাদেরকে এই দিন গোসলের নির্দেশ দেওয়া হয়েছিল

ذَكَرُ الْبَيَّانِ بَأَنَّ الْقَوْمَ إِنَّمَا كَانُوا يَرُوحُونَ إِلَى الْجُمُعَةِ فِي ثِيَابٍ مِّنْهُمْ فَلِذَلِكَ أَمَرُوا
بِالْاِغْتِسَالِ لَهَا

আরবী

1233 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ بْنِ حِسَابٍ قَالَ: حَدَّثَنَا
حَمَّادُ بْنُ زَيْدٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ بْنُ عَمْرَةَ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّاسُ مَهَّانَ
أَنْفُسِهِمْ فَكَانُوا يَرُوحُونَ إِلَى الْجُمُعَةِ بِهِئِئِهِمْ فَقِيلَ لَهُمْ:
لَوْ اغْتَسَلْتُمْ.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1233 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৩৩. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “লোকজন নিজেরাই নিজেদের কাজ করতেন, অতঃপর তারা ঐ অবস্থাতেই জুমু'আয় উপস্থিত হতো, ফলে তাদেরকে বলা হয়, “যদি তোমরা গোসল করত, (তবে সেটা কতইনা ভালো হতো)।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৩৫২; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৫৫; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৫৩১৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৯৫; মুসনাদ আহমাদ: ৬/৬২-৬৩; সহীহ আল বুখারী: ৯০৩; সহীহ মুসলিম: ৮৪৭; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৭১; সুনান বাইহাকী: ৩/১৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৭৯।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90547>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন